গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
http://www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০১৮.২৩.০৮৯.২৪-৪৬ তারিখ:২৮/০৭/২০২৫

# স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের অনুদান (সাধারণ, ঘূর্ণায়মান ও স্বেচ্ছাধীন) বিতরণের লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| অনুদানের শ্রেণি | আবেদন দাখিলের সময়সীমা | আবেদন দাখিলের স্থান | ফরম | আবেদন ফরম প্রাপ্তি স্থান |
|---|---|---|---|---|
| সাধারণ অনুদান | উপজেলা পর্যায়ে ১৫সেপ্টেম্বর' ২০২৫<br>জেলা পর্যায়ে ১৫ অক্টোবর' ২০২৫ | ➢ উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>➢ জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয় | নির্ধারিত ফরম | সংশ্লিষ্ট উপজেলা/ উপপরিচালকের কার্যালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের website : www.dwa.gov.bd |
| ঘূর্ণায়মান অনুদান | উপজেলা পর্যায়ে ১৫সেপ্টেম্বর' ২০২৫<br>জেল পর্যায়ে ১৫ অক্টোবর' ২০২৫ | ঐ | ঐ | ঐ |
| স্বেচ্ছাধীন অনুদান | ফেব্রুয়ারি' ২০২৬ | ➢ উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>➢ জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়<br>➢ প্রধান কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এবং<br>➢ মহিলা ও শিশু বিষয়য়ক মন্ত্রণালয় | নির্ধারিত ফরম অথবা সংস্থার নিজস্ব প্যাডে | ঐ |

## ২। আবেদন করার যোগ্যতা

ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় নিবন্ধিত হতে হবে।
খ) সাধারণ ও ঘূর্ণায়মান অনুদানের ক্ষেত্রে নিবন্ধনের মেয়াদ ১৫/১১/২০২৫ তারিখে ০২ (দুই) বছর পূর্ণ হতে হবে।
গ) স্বেচ্ছাধীন অনুদানের ক্ষেত্রে নিবন্ধনের মেয়াদ ০১ (এক) বছর পূর্ণ হতে হবে।

## ৩। সকল আবেদনের সাথে যে সকল কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত করতে হবে

ক) রেজিস্ট্রেশন ও হালনাগাদ নবায়ন কার্ডের সত্যায়িত অনুলিপি;
খ) সমবায়/সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক সম্পাদিত হাল নাগাদ অডিট রিপোর্ট (৩০/০৬/২০২৫ পর্যন্ত পূর্ববর্তী ২ বছর );
গ) সংশ্লিষ্ট উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সরেজমিন হালনাগাদ সমিতি পরিদর্শন/মূল্যায়ন প্রতিবেদন।
ঘ) সংস্থার বর্তমান কার্যক্রম ও ভবিষ্যত কর্মপরিকল্পনা ;
ঙ) নাম, পদবী ও ভোটার আইডি কার্ড/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিসহ কার্যকরী কমিটির তালিকা ;
চ) সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত চলতি অর্থ বছরের বাজেট ।
ছ) ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাপ্ত অনুদানের অর্থ (যদি পেয়ে থাকে) কি কাজে ব্যবহার করা হয়েছে তার বিবরণ ;
জ) চলতি অর্থবছরের অনুদানের অর্থ কি কাজে ব্যবহার করা হবে তার বিবরণ এবং আবেদন ফরমে চাহিত অন্যান্য প্রমাণক;
ঝ) ঘূর্ণায়মান অনুদানের ক্ষেত্রে সমিতির অফিসের নিজস্ব/ভাড়া বাড়ীর চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৪। নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে বার্ষিক এককালীন সাধারণ/ঘূর্ণায়মান /স্বেচ্ছাধীন অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। একটি সমিতি সাধারণ/ঘূর্ণায়মান/স্বেচ্ছাধীন যে কোন একটি শ্রেণিতে আবেদন করতে পারবে। একাধিক শ্রেণিতে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের website : www.dwa.gov.bd হতে ডাউনলোড করা যাবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র জমা দিলে তা গ্রহণ যোগ্য হবে না। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮/৭/২০২৫
(রেজিনা আরিজুলাভলী)
উপপরিচালক (রেজিস্ট্রেশন ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।